

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৪১.১৭.১৪০

তারিখ: ২১ কার্তিক ১৪২৪

১৬ নভেম্বর ২০১৭

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব নাহিদ খান (১৭৬৯২), সহকারি অধ্যাপক (অর্থনীতি), সরকারি শেখ ফজিলাতুন্নেছা মহিলা কলেজ, ভোলা গত ২৪/১১/২০১৬ তারিখে উক্ত কলেজে যোগদান করেন। পরবর্তীতে ০২(দুই) দিনের ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকুরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) মোতাবেক "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগে অভিযুক্ত করা হলো এবং উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে আপনাকে কেন "চাকুরি হতে বরখাস্ত (Dismissal from Service)" করা হবে না অথবা বর্ণিত বিধিমালার আওতায় অন্য কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ এ বিধির ৭(১)বি ধারা অনুযায়ী অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে প্রদানের জন্য নির্দেশ দেয়া হলো। আপনি আত্মপক্ষ সমর্থনে কোন ব্যক্তিগত শুনানি চান কি-না তাও আপনার জবাবে উল্লেখ করার জন্য বলা হলো।

যে অভিযোগবিবরণীর ভিত্তিতে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে তার অনুলিপি এতৎসঙ্গে সংযুক্ত করা হলো।

সোহরাব ১২.১১.২০১৭

(মোঃ সোহরাব হোসাইন)

সচিব

সংযোজনী: বর্ণনা মোতাবেক।

বর্তমান কর্মস্থল:

জনাব নাহিদ খান (১৭৬৯২)

সহকারি অধ্যাপক (অর্থনীতি), সরকারি শেখ ফজিলাতুন্নেছা মহিলা কলেজ, ভোলা।

স্থায়ী ঠিকানা:

জনাব নাহিদ খান

গ্রাম-মুক্তাকুগঞ্জ, ১০৭৯, ইসলামিয়া স্কুল রোড, খিলবাড়ীরটেক

ডাকঘর: গুলশান, থানা-বাঘা, জেলা-ঢাকা।

অনুলিপি:

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগবিবরণী

যেহেতু, জনাব নাহিদ খান (১৭৬৯২), সহকারি অধ্যাপক (অর্থনীতি), সরকারি শেখ ফজিলাতুন্নেছা মহিলা কলেজ, ভোলা গত ২৪/১১/২০১৬ তারিখে উক্ত কলেজে যোগদান করেন। পরবর্তীতে ০২(দুই) দিনের ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকুরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, জনাব নাহিদ খান (১৭৬৯২), সহকারি অধ্যাপক (অর্থনীতি), সরকারি শেখ ফজিলাতুন্নেছা মহিলা কলেজ, ভোলাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) মোতাবেক "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগে অভিযুক্ত করা হলো।

স্বাক্ষর
২২/০৩/২০১৭

(মোঃ সোহরাব হোসাইন)
সচিব